



তারেক রহমানের উদ্যোগে খালেদা জিয়ার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল



সংগৃহীত ছবি

রাজনৈতিক অঙ্গন ছাড়িয়ে নানা শ্রেণি-পেশার মানুষের উপস্থিতিতে রাজধানীর গুলশানের আজাদ মসজিদে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২ জানুয়ারি) বাদ আসর বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের উদ্যোগে আয়োজিত এ দোয়া মাহফিলে বিএনপির কেন্দ্রীয় ও অঙ্গসংগঠনের নেতাকর্মী, ধর্মপ্রাণ মুসল্লি এবং সাধারণ মানুষ অংশ নেন।

দোয়া ও মোনাজাতে বেগম খালেদা জিয়ার দীর্ঘ রাজনৈতিক জীবন, গণতন্ত্র প্রতিষ্ঠায় তার ভূমিকা এবং দেশের প্রতি তার অবদানের কথা স্মরণ করা হয়। একই সঙ্গে দেশ ও জাতির শান্তি, স্থিতিশীলতা এবং গণতান্ত্রিক পরিবেশ পুনরুদ্ধারের জন্য বিশেষ প্রার্থনা জানানো হয়।

এ সময় তারেক রহমানের পক্ষ থেকে মরহুম নেত্রীর আত্মার মাগফিরাত কামনা করে সবার কাছে দোয়া চাওয়া হয়। মোনাজাতে আল্লাহ তায়ালার কাছে প্রার্থনা করা হয়, তিনি যেন তাকে জান্নাতুল ফেরদৌস নসিব করেন এবং শোকাহত পরিবার ও দলীয় নেতাকর্মীদের ধৈর্য ও শক্তি দান করেন।

দোয়া মাহফিল শেষে উপস্থিত মুসল্লিরা নীরবতায় মরহুম নেত্রীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান।